



রংপুর বিভাগীয় শহরে সাংবাদিকতায় নারীদের জন্য চার মাসের ফেলোশিপ

ইউরোপিয়ান ইউনিয়ন -এর সহায়তায় নিউজ নেটওয়ার্ক সাংবাদিকতা পেশায় উৎসাহী নারীদের চার মাসের ফেলোশিপ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করছে। এই কার্যক্রম আগামী ২৪ আগস্ট ২০১৯ থেকে শুরু হবে।

যারা আবেদন করতে পারবেন:

- সাংবাদিকতায় স্নাতক।
- অন্য বিষয়ে স্নাতক ডিগ্রীসহ বিভিন্ন দৈনিক ও সাপ্তাহিক, অনলাইন মিডিয়া ও টিভি চ্যানেলে কন্ট্রিবিউটর হিসেবে কমপক্ষে তিন মাসের অভিজ্ঞতা থাকতে হবে।
- শিক্ষানবিশ সাংবাদিক।

আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্ট সংযুক্ত করতে হবে:

- এক কপি ছবি ও ফোন নম্বর উল্লেখসহ বায়োডাটা এবং সর্বশেষ উত্তীর্ণ পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত কপি।
- শিক্ষানবিশ সাংবাদিক প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র প্রদান করতে হবে।

নির্বাচিত ফেলোদের এক মাসের ইন-হাউজ প্রশিক্ষণ শেষে স্থানীয় মিডিয়ায় তিন মাসের ইন্টার্নশিপ প্রদান করা হবে।

চার মাসের এই কার্যক্রম চলাকালীন ফেলোদের মাসিক সম্মানী প্রতিমাসে ৬,০০০.০০ (ছয় হাজার) টাকাসহ

এসাইনমেন্ট কাভার করার জন্য যাতায়াত ভাতা প্রদান করা হবে।

সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভাতা দেয়া হবে না।

আগ্রহী প্রার্থীদের ডাকযোগে বা ই-মেইলে নিম্ন ঠিকানায় ০৫ আগস্ট ২০১৯ -এর মধ্যে দরখাস্ত প্রেরণের আহ্বান করা হচ্ছে।

প্রধান নির্বাহী কর্মকর্তা

নিউজ নেটওয়ার্ক, আঞ্চলিক অফিস

বাড়ি-৩৪/১, রোড-৩, কাকিনা কুঠি রোড, কেরানীপাড়া, রংপুর

ই-মেইল: fellowship@newsnetwork-bd.org

দরখাস্তকারীদের খামের উপরে বা ই-মেইলের subject option -এ 'fellowship' উল্লেখ করতে হবে।